

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী :

উপজেলা	:	আটপাড়া।
সভার তারিখ	:	০৯-০৬-২০১৩খ্রিঃ।
সময়	:	১২-০০ ঘটিকা।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি	:	জনাব মোকাম্মেল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা কাজ শুরু করেন। বিগত ০৭-৫-২০১৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী এবং ২৮-৫-২০১৩ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত উপজেলা পরিষদের বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন আপত্তি না থাকায় বিগত ২টি সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) ২০১২-১৩ অর্থ বছরের উপজেলা পরিষদের এডিপি খাতে গৃহীত প্রকল্প বাস্তবায়ন প্রসংগে।

উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান যে, ২০১২-২০১৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)তে গৃহীত প্রকল্প সমূহের বাস্তবায়নের কাজ প্রায় ৬০% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান এডিপি খাতে সাশ্রয়কৃত অর্থে এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা অতি গুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ চিহ্নিত করে অধাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য নিম্নে বর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলনসহ প্রকল্পের তালিকা সভায় অনুমোদনের জন্য দাখিল করেন।

এডিপি সাশ্রয়কৃত অর্থ : ৩,৩৮,৬৫০/-

ক্রমিক	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য
১	সোনাজুর বাজার হতে গনেশ হাওরের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন	১,০০,০০০/-
২	প্রমোট বিল্ডিং হতে হাসপাতাল পর্যন্ত রাস্তা সংস্কার এবং গণলেট্রিন সংস্কার-	১,৩৮,৬৫০/-
৩	আটপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে নলকূপ সরবরাহ-	১,০০,০০০/-

এডিপি সাশ্রয়কৃত অর্থ (বাসাবাড়ী খাত)-১,৫০,০০০/-

৪	উপজেলা প্রশাসনিক ভবনের ছাদ মেরামত -	১,০০,০০০/-
৫	উপজেলা চেয়ারম্যান সাহেবের অফিস ভবনের ছাদ মেরামত	৫০,০০০/-

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে ২০১২-২০১৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)তে গৃহীত প্রকল্প সমূহের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং কাজের গুণগতমান বজায় রাখার জন্য উপজেলা প্রকৌশলী আটপাড়াকে অনুরোধ জানানো হয়। এডিপি সাশ্রয়কৃত রাজস্ব তহবিলের অর্থে গৃহীত প্রকল্প সমূহের কাজ দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

(৩) ২০১২-১৩ অর্থ বছরে এডিপি খাতে গৃহীত প্রকল্প সংশোধন প্রসংগে।

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অতিবৃষ্টি কারণে ২০১২-১৩ অর্থ বছরে এডিপি খাতে পূর্বে গৃহীত ৫টি প্রকল্প সংশোধন করার জন্য ইডিপি চেয়ারম্যানগণের আবেদনের প্রেক্ষিতে প্রকল্পগুলো সরেজমিনে যাচাই/বাচাই করে প্রাক্কলনসহ সংশোধিত প্রকল্পের তালিকা সভার অনুমোদনের জন্য পেশ করেন। সংশোধিত প্রকল্পগুলো নিম্নরূপ-

পূর্বে গৃহীত প্রকল্প

ক্রমিক	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য
১	মহেশপুর ইব্রাহিমের বাড়ীর পার্শ্বে ইউড্রেন নির্মাণ-	১,০০,০০০-
২	আটপাড়া উপজেলাধীন দেশীউড়া মন্টু মেম্বারের বাড়ীর নিকট ফুটব্রীজ নির্মাণ-	১,০০,০০০-
৩	সুতারপুর হাছেন আলীর বাড়ীর উত্তর পার্শ্বে ফুটব্রীজ নির্মাণ-	১,০০,০০০-
৪	যোগীনগুয়া মাদ্রাসা হতে তেলিগাতি নাজিরগঞ্জ রাস্তা পর্যন্ত মাটি দ্বারা উন্নয়ন-	১,০০,০০০/-
৫	আটপাড়া উপজেলাধীন গনেশ হাওরের বেড়ী বাঁধ নির্মাণ-	১,০০,০০০/-

বর্তমানে সংশোধিত প্রকল্পসমূহ-

ক্রমিক	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য
১	৪নং বানিয়াজান ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ফসলী জমির পানি নিষ্কাশনের জন্য ১ ফুট ডায়া রিং পাইপ সরবরাহ-	১,০০,০০০/-
২	স্বরমুশিয়া ইউনিয়নে বিভিন্ন গ্রামে গরীব মানুষের বাড়ীর আঙ্গিনায় নলকূপ স্থাপন-	১,০০,০০০/-
৩	স্বরমুশিয়া ইউনিয়নে বিভিন্ন গ্রামে গরীব মানুষের বাড়ীতে অগভীর নলকূপ স্থাপন-	১,০০,০০০/-
৪	দুওজ ইউনিয়নে বিভিন্ন ওয়ার্ডে স্যানিটারী ল্যাট্রিন সরবরাহ-	১,০০,০০০/-
৫	আটপাড়া উপজেলাধীন বিভিন্ন জলাশয়ে বিভিন্ন প্রজাতির মাছের পোনা অবমুক্ত করণ।	১,০০,০০০/-

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে উক্ত সংশোধনী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

১। হাট-বাজার উন্নয়ন তহবিলের ১০% অর্থ ও অব্যয়িত অর্থের প্রকল্প প্রকল্প গ্রহণ।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা হাট-বাজার উন্নয়ন তহবিলের আওতায় ১০% অর্থ ও অব্যয়িত অর্থ দ্বারা এ উপজেলার বাজার উন্নয়নের জন্য নিম্নে বর্ণিত অতিগুরুত্বপূর্ণ উন্নয়নমূলক প্রকল্পগুলো প্রকল্প কমিটির মাধ্যমে জনস্বার্থে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির ০৬-৬-২০১৩ খ্রিঃ তারিখের সভায় গ্রহণ করা হয়েছে। তা অনুমোদনের জন্য সভায় পেশ করেন। প্রকল্প সমূহ-

(১) তেলিগাতি বাজারে ড্রেইন নির্মাণ।

(২) ব্রুজের বাজারে মাছ মহালের ড্রেন মেরামত।

সিদ্ধান্ত : সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অফিসারকে অনুরোধ জানানো হয়।

(৩) বিভাগীয় আলোচনা :

ক্রমিক	বিভাগের নাম ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না।	পরবর্তী সভা সমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটপাড়া
২	উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম : উপজেলা কৃষি অফিসার, আটপাড়া,নেত্রকোণা সভায় জানান যে, উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না।	পরবর্তী সভা সমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা
৩	উপজেলা প্রাণি সম্পদ বিভাগ : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না।	পরবর্তী সভা সমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৪	উপজেলা প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা রাজস্ব তহবিলের আওতায় বাসাবাড়ী মেরামতের দ্রুত বাস্তবায়ন হচ্ছে। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা।
৫	উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম : উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া।

৬	প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় ২৪টি প্রাথমিক প্রাথমিক বিদ্যালয়ের ভীম, পাঠাতন ফাটল এবং কোন কোন ভবনের ওয়াল/ছাদ ফাটল দেখা দেয়ায় বুকিপূর্ণ হয়ে পড়েছে। এসব বিদ্যালয়ের কর্তৃপক্ষকে বিকল্প ব্যবস্থার মাধ্যমে স্থানীয় উদ্যোগে ম্যানেজিং কমিটির সহায়তায় অনত্র ক্লাস নেয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বুকিপূর্ণ ভবনে কোন অবস্থাতেই ক্লাস নেয়া যাবেনা। বুকিপূর্ণ ভবন সমূহ সরেজমিনে পরিদর্শন করে মতামত প্রদানের জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।	বুকিপূর্ণ ভবনে কোন অবস্থাতেই ক্লাস নেয়া যাবেনা। বুকিপূর্ণ ভবন সমূহ সরেজমিনে পরিদর্শন করে মতামত প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া।
৭	উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম : উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না।	পরবর্তী সভা সমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজ সেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।
৮	উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম : উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নতুন আশ্রয়ন প্রকল্প ফেইজ-২ তে ৩৭,৫০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের কার্যক্রম অব্যাহত আছে। আশ্রয়ন প্রকল্পে ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। এপ্রিল/২০১৩ পর্যন্ত ১৭০ টি সমিতির অডিট কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা।
৯	পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না।	পরবর্তী সভা সমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আটপাড়া, নেত্রকোণা
১০	মাধ্যমিক শিক্ষা : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া।
১১	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
১২	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া, সভায় জানান যে, তার কার্যালয়ের ঋণ বিতরণ ও ঋণ আদায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীনে পিআরডিপি-২ প্রকল্প বাস্তবায়নের জন্য আটপাড়া উপজেলার ২টি ইউনিয়নকে অর্ন্তভুক্ত করার জন্য সভার দৃষ্টি আর্কষণ করা হয়। সভায় আলোচনান্তে ২নং ও ৫নং তেলিগাতি ইউনিয়ন পরিষদকে অর্ন্তভুক্ত করার জন্য প্রস্তাব উত্থাপিত হয়।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয় এবং ২নং ও ৫নং তেলিগাতি ইউনিয়ন পরিষদ ২টি পিআরডিপি-২ প্রকল্পে অর্ন্তভুক্ত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া।
১৩	উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম: উপজেলা যুব উন্নয়ন অফিসার, আটপাড়া সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, আটপাড়া।

১৪	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সকলেই অসন্তোষ প্রকাশ করেন। ফলে এ বিভাগের কোন কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। ইউপি চেয়ারম্যানগণ সভায় জানান যে, জনস্বাস্থ্য বিভাগের সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) দীর্ঘদিন যাবৎ এ উপজেলায় আসেন না। ফলে বিশুদ্ধ পানি সরবরাহ এবং স্যানিটেশন কার্যক্রম ব্যাহত হচ্ছে।	সহ-প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দীর্ঘদিন অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে বিভাগীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণাকে অনুরোধ জানানো হয়।	নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।																														
১৫	উপজেলা আনসার ও ভিডিপি : উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি গেজেটেড কোয়ার্টার বিলাস ভবনের বিদ্যুৎ ও পানির ব্যবস্থা করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। বিলাস ভবনের বিদ্যুৎ ও পানির ব্যবস্থা করার জন্য উপজেলা প্রকৌশলকে অনুরোধ জানানো হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।																														
১৬	উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন : উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান যে, বিভিন্ন সমিতির মাধ্যমে দরিদ্র ও অসুবিধাগ্রস্ত মহিলা সদস্যদের মাঝে বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। ঋণ আদায়ের হার ৯৭%। এছাড়া দরিদ্র ও অদক্ষ জনগোষ্ঠির আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ প্রদানের পাশাপাশি দক্ষতা উন্নয়ন, সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা																														
১৬	ত্রাণ অফিস : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় ২০১২-১৩ অর্থ বছরের গ্রাঅর (টি,আর), গ্রাঅস (কাবিখা) প্রকল্প কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। যা নিম্নরূপ : <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th>বরাদ্দের খাত</th> <th>বরাদ্দের পরিমাণ</th> <th>গৃহীত প্রকল্প</th> <th>ব্যয়িত</th> <th>কাজের অগ্রগতি</th> </tr> </thead> <tbody> <tr> <td>গ্রাঅর টি,আর)সা/১ম</td> <td>১১৪.৯৬৯৮</td> <td>৪৪</td> <td>১১৪.৯৬৯৮</td> <td>১০০%</td> </tr> <tr> <td>গ্রাঅর(টি,আর)সা/২য়</td> <td>১১৪.৯৬৯৮</td> <td>৭৩</td> <td>১১৪.৯৬৯৮</td> <td>১০০%</td> </tr> <tr> <td>গ্রাঅস</td> <td>১১৩.৯৫৯</td> <td>১৫</td> <td>১১৩.৯৫৯</td> <td>১০০%</td> </tr> <tr> <td>কাবিখা)সা/১ম</td> <td>১১৩.৯৫৯</td> <td>১৪</td> <td>১১১.৯৫৯</td> <td>৯৮%</td> </tr> <tr> <td>গ্রাঅস(কাবিখা)সা</td> <td></td> <td></td> <td></td> <td></td> </tr> </tbody> </table>	বরাদ্দের খাত	বরাদ্দের পরিমাণ	গৃহীত প্রকল্প	ব্যয়িত	কাজের অগ্রগতি	গ্রাঅর টি,আর)সা/১ম	১১৪.৯৬৯৮	৪৪	১১৪.৯৬৯৮	১০০%	গ্রাঅর(টি,আর)সা/২য়	১১৪.৯৬৯৮	৭৩	১১৪.৯৬৯৮	১০০%	গ্রাঅস	১১৩.৯৫৯	১৫	১১৩.৯৫৯	১০০%	কাবিখা)সা/১ম	১১৩.৯৫৯	১৪	১১১.৯৫৯	৯৮%	গ্রাঅস(কাবিখা)সা					কাজের ধারা অব্যাহত রাখার এবং চূড়ান্ত প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
বরাদ্দের খাত	বরাদ্দের পরিমাণ	গৃহীত প্রকল্প	ব্যয়িত	কাজের অগ্রগতি																													
গ্রাঅর টি,আর)সা/১ম	১১৪.৯৬৯৮	৪৪	১১৪.৯৬৯৮	১০০%																													
গ্রাঅর(টি,আর)সা/২য়	১১৪.৯৬৯৮	৭৩	১১৪.৯৬৯৮	১০০%																													
গ্রাঅস	১১৩.৯৫৯	১৫	১১৩.৯৫৯	১০০%																													
কাবিখা)সা/১ম	১১৩.৯৫৯	১৪	১১১.৯৫৯	৯৮%																													
গ্রাঅস(কাবিখা)সা																																	
১৮	নির্বাচন অফিস : উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী সভা সমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাচন অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাচন অফিসার।																														

(৪) বিবিধ :

(১) ২০১২-২০১৩ খ্রিঃ অর্থ বছরের দ্বিতীয় এলজিএসপি'র আওতায় প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।

সভাপতি সভায় জানান যে, ২০১২-২০১৩ খ্রিঃ অর্থ বছরের দ্বিতীয় এলজিএসপি'র আওতায় প্রকল্প জরুরী ভিত্তিতে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো সত্ত্বে কোন ইউনিয়ন পরিষদ থেকে নীতিমালা মোতাবেক অদ্যাবধি প্রকল্প পাওয়া যায়নি। জরুরী ভিত্তিতে নীতিমালা মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত :- দ্বিতীয় এলজিএসপি'র নীতিমালা অনুযায়ী ২০১২-২০১৩ খ্রিঃ অর্থ বছরের প্রকল্প জরুরী ভিত্তিতে গ্রহণ ও দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা পরিষদ সভায় নিয়মিত আলোচনার জন্য এলজিএসপি প্রকল্প কাজের অগ্রগতির প্রতিবেদন দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।



(২) ১৪২০ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা প্রদান প্রসংগে।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলাধীন ১৩ টি হাট-বাজার মধ্যে ৭টি বাজার ১৪২০ বাংলা সনের জন্য ইজারা প্রদান করা হয়েছে। সেতুর বাজারের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা থাকায় উক্ত বাজারটি ব্যতীত আপর ৫টি বাজার যথাক্রমে গঞ্জের বাজার, পাহাড়পুর বাজার, তেলিগাতী বাজার, দুগুজ বাজার ও নাজিরগঞ্জ বাজার ইজারা প্রদানের নিমিত্তে পুনঃ দরপত্র আহবান করা হলে তেলিগাতী বাজারের জন্য ৫ম বার ডাকে একটি দরপত্র দাখিল হয়। দাখিলকৃত দরপত্রটির ইজারা মূল্য ১৪,৫০,২০০/- টাকা যা কাংখিত ইজারা মূল্য ২৩,২৬,৩৬৭/- টাকার চেয়ে কম হওয়ায় এ ব্যাপারে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সিদ্ধান্ত হয়। সে প্রেক্ষিতে তেলিগাতী বাজার ইজারার বিষয়ে সকলের মতামত ব্যক্ত করার জন্য তিনি অনুরোধ জানান।

চেয়ারম্যান, তেলিগাতি ইউপি সভায় জানান যে, এ বাজারটির একমাত্র আয়ের উৎস গরুর/ছাগলের হাট। কিন্তু উক্ত বাজারে আগের মত গরু/ ছাগল বিক্রয় হয় না বিধায় কাংখিত মূল্যে বাজার ইজারা নেওয়ার মত কোন ইজারাদার পাওয়া যাবে না। তাছাড়া ইতোপূর্বে ইজারা গ্রহীতাগণ আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বিগত বছর ২১,৬৫,০০০/- টাকা ইজারা মূল্য ছিল। উক্ত ইজারাদার ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে তাকে অবহিত করেছেন। বর্তমানে যে দরপত্র পাওয়া গেছে ভ্যাট ও আয়কর এবং জামানত সহ ১৮(আটটি) লক্ষ টাকার উপরে ডাককারীকে জমা দিতে হবে। অন্যদিকে খাস আদায় সরকারের প্রচুর ক্ষতি হবে বিধায় সরকারী রাজস্ব আয়ের স্বার্থে উক্ত দরপত্রটি গ্রহণ করার জন্য প্রস্তাব করেন। চেয়ারম্যান, বানিয়াজান ইউপি সভায় জানান উপজেলা পরিষদের রাজস্ব আয়ের প্রধান উৎস তেলিগাতি বাজার। উক্ত বাজারটি ইজারা না হলে উপজেলা পরিষদের রাজস্ব আয় কমে যাবে এবং উন্নয়ন কাজ ব্যাহত হবে। তাই প্রাপ্ত দরপত্রটি গ্রহণের জন্য তিনি মতামত ব্যক্ত করেন। উক্ত প্রস্তাবের সাথে অন্যান্য চেয়ারম্যানগণ একমত পোষণ করেন এবং দরপত্রটি গ্রহণের জন্য প্রস্তাব রাখেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান হাট-বাজার ইজারার নীতিমালা অনুযায়ী এ ব্যাপারে জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের মতামত/অনুমোদন নিতে হবে।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪২০ বাংলা সনের জন্য তেলিগাতী বাজার ইজারা প্রদানের নিমিত্তে ১৪,৫০,২০০/- (চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার দুইশত) টাকার দরপত্রটি গ্রহণ করার সদয় অনুমোদন প্রদানের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়কে সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়। এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(৩) ১৪২০ বাংলা সনের জন্য গঞ্জের বাজার ফেরীঘাট ইজারা প্রদান প্রসংগে।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৪২০ বাংলা সনের জন্য গঞ্জের বাজার ফেরীঘাট ইজারা প্রদানের জন্য পর পর ৩(তিন) বার দরপত্র আহবান করা হয় কিন্তু কোন দরপত্র পাওয়া যায়নি। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে গঞ্জের বাজার ফেরীঘাট ইজারা প্রদানের বিষয়ে জনগণকে উজ্জ্বল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং পুনরায় দরপত্র আহবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(৫) উপজেলা পরিষদের আনুষাংগিক ব্যয় অনুমোদন।

উপজেলা পরিষদের বিভিন্ন আনুষাংগিক যথাক্রমে উপজেলা পরিষদ ভবন ও কমপ্লেক্সের জন্য বৈদ্যুতিক নিরাপত্তা লাইট ক্রয়, কম্পিউটারের জন্য টুনার ক্রয়, কাগজ, খাম, ফটোকপি ইত্যাদি আনুষাংগিক বাবদ ৫,৪০০/- (পাঁচ হাজার চারশত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় সভায় অনুমোদিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে বিধায় সভায় আলোচনান্তে নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতিক্রমে গঠন করা হয়।

(ক) উপজেলা চেয়ারম্যানের অফিসের ছাদ মেরামত - ৫০,০০০/-

১	উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা-	আহবায়ক
২	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা-	সদস্য
৩	উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।	সদস্য

(খ) উপজেলা প্রশাসনিক ভবনের ছাদ মেরামত - -১,০০,০০০/-


১	উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা-	আহবায়ক
২	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা-	সদস্য
৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।	সদস্য

চলমান পাতা - ১৫

(৭) ভাইস-চেয়ারম্যানগণের ভ্রমণ ভাতা বিল অনুমোদন প্রসংগে।

জনাব মেহেদী হাসান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া এর জুন/২০১২ হতে মে/২০১৩ পর্যন্ত ৩৮,৪০০/- (আটত্রিশ হাজার চারশত) টাকা ভ্রমণ ভাতা বিল এবং জনাব বেগম জাকিয়া সুলতানা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া জুলাই/২০১২ হতে মে/২০১৩ পর্যন্ত ৩৮,৬০০/- (আটত্রিশ হাজার ছয়শত) টাকা ভ্রমণ ভাতা বিল সভায় অনুমোদনের জন্য দাখিল করেন। আলোচনান্তে ভ্রমণ ভাতা বিল সভায় অনুমোদিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোকাম্মেল হোসেন)  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
আটপাড়া, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৩০.৭২০৪.০০১.০০৬.০০১.১৩-৬২০(৪০)

তারিখ : ২১-০৬-২০১৩খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১ মাননীয় সংসদ সদস্য, ১৫৯-নেত্রকোণা-৩ ও উপদেষ্টা উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
- ২ সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা
- ৩ জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ৪ পরিচালক, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫ নির্বাহী প্রকৌশলী, /জেনারেল ম্যানেজার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, /জনস্বাস্থ্য অধিদপ্তর, /নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, নেত্রকোণা।
- ৬ ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
- ৭ উপজেলা ..... অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
- ৮ চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
- ৯
- ১০ অফিস কপি।



(মোহাম্মদ আবদুল আওয়াল)  
উপজেলা নির্বাহী অফিসার  
আটপাড়া, নেত্রকোণা।  
ফোন : ০৯৫২২-৭৪০০১

E-mail: unoatpara@yahoo.com

পরিশিষ্ট ক

সভায় উপস্থিত জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ ৪-		বিভাগীয় কর্মকর্তা	
ক্রমিক	জনপ্রতিনিধি	ক্রমিক	বিভাগীয় কর্মকর্তা
১	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	১	উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
২	জনাব, জনাব মেহেদী হাসান, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	২	উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা।।
৩	বেগম জাকিয়া সুলতানা, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৩	উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৪	চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৪	উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৫	চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৬	চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৬	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৭	চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৮	চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৮	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৯	চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	৯	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
১০	চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।	১০	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
		১১	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
সভায় অনুপস্থিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণ			
১	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।		
২	উপজেলা সমাজ কৃষি কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।		
৩	উপজেলা প্রাণি সম্পদ অফিসার, আটপাড়া, নেত্রকোণা।		
৪	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।		
৫	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।		
৬	উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা।		